



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 সালের স্টেট অফ দ্য স্টেটের 7তম প্রস্তাব উন্মোচন করেছেন: যুক্তরাষ্ট্রের সব চেয়ে শক্তিশালী নেট নিরপেক্ষতা সুরক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়া

অনলাইনে কনটেন্ট ব্লক, থ্রোটলিং ও পেইড অগ্রাধিকার বোধে আইন চালু করবেন গভর্নর

আইন তথাকথিত "শূন্য-রেটিং" অনুশীলনকে নিষিদ্ধ করবে, যা তাদের ইন্টারনেট প্রদানকারীর পছন্দসই নয় এমন সামগ্রী বা অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করার জন্য ক্রেতাদের শাস্তি দেবে

গভর্নরের 2018 সালের একজিকিউটিভ অর্ডারের উপর গড়ে তোলে যা রাজ্য সরকারকে ইন্টারনেট পরিষেবা প্রদানকারীর সঙ্গে চুক্তিতে প্রবেশ করতে বাধন করে যদি না তারা নেট নিরপেক্ষতা নীতি অনুসরণ করে

গভর্নর কুওমোর জাতির নেতৃস্থানীয় 500 মিলিয়ন মার্কিন ডলারের ব্রডব্যান্ড অ্যাক্সেস বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে নতুন NY ব্রডব্যান্ড প্রোগ্রামের (NY Broadband Program) মাধ্যমে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ 2020 সালের তার স্টেট অফ দ্য স্টেট কর্মসূচীর 7তম পরিকল্পনা ঘোষণা করেছেন - যা সব চেয়ে শক্তিশালী রাজ্যব্যাপী নেট নিরপেক্ষতা সুরক্ষাকে অগ্রসর করে মার্কিন যুক্তরাষ্ট্রে। এই প্রস্তাবের অংশ হিসেবে গভর্নর অনলাইন কনটেন্ট ব্লক, থ্রোটলিং এবং পেইড অগ্রাধিকার প্রতিরোধের জন্য আইন প্রবর্তন করবেন — যে অনুশীলনগুলি একটি স্বাধীন ও উন্মুক্ত ইন্টারনেট ব্যবস্থার ক্ষতি করে। এই আইন তথাকথিত "শূন্য-রেটিং" অনুশীলনকেও নিষিদ্ধ করবে, যা তাদের ইন্টারনেট প্রদানকারীর পছন্দসই নয় এমন সামগ্রী বা অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করার জন্য গ্রাহকদের শাস্তি দেবে। এই আইন গভর্নর কুওমোর 2018 সালের একজিকিউটিভ অর্ডারকে আইন হিসেবে প্রণয়ন করে যে কোন রাজ্য সরকারের সংস্থা ইন্টারনেট পরিষেবা প্রদানকারীর সাথে চুক্তি করতে পারবে না, যদি না তারা নেট নিরপেক্ষতা নীতি অনুসরণ করে। একত্রে, এই সুরক্ষাগুলি 2015 সালে ফেডারেল কমিউনিকেশন কমিশন (Federal Communications Commission) দ্বারা প্রতিষ্ঠিত নেট নিরপেক্ষতার মান অতিক্রম করে, যা ট্রাম্প প্রশাসন পরবর্তীকালে 2017 সালে রদ করে।

"একটি মুক্ত এবং খোলা ইন্টারনেট মহান সমতাকারীগুলির মধ্যে একটি — প্রতিটি ব্যক্তিকে একই তথ্য অ্যাক্সেস করতে দেয় এবং বাক-স্বাধীনতা রক্ষা সাহায্য করে," **গভর্নর কুওমো বলেন।** "যখন ফেডারাল প্রশাসন এই সম্পদ ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে কাজ করে, নিউ ইয়র্কে আমরা যুক্তরাষ্ট্রের সব চেয়ে শক্তিশালী নেট নিউট্রালিটি প্রস্তাবকে এগিয়ে নিয়ে যাচ্ছি যাতে বড় কর্পোরেশনগুলি কোন তথ্য আমরা অ্যাক্সেস করতে পারি তা নিয়ন্ত্রণ করতে না পারে বা ছোট প্রতিযোগীদের কোণঠাসা করতে না পারে। এই সুরক্ষাগুলি সকল প্ল্যাটফর্ম জুড়ে ধারণা এবং বিষয়বস্তুর জন্য একটি খোলা বাজার নিশ্চিত করতে সাহায্য করবে এবং জনসাধারণের ইচ্ছা এবং চাহিদা অনুযায়ী অবাধ অনলাইন কন্টেন্টের অ্যাক্সেস সংরক্ষণ করবে।"

প্রস্তাবিত আইনটি এই জাতির নেতৃস্থানীয় গ্রাহক সুরক্ষার জন্য দায়বদ্ধ করবে এবং এই শিল্পে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য মোবাইল এবং স্থায়ী ইন্টারনেট প্রদানকারীদের দায়বদ্ধ রাখার জন্য রাষ্ট্রীয় সরকারি সেবা বিভাগকে (State Department of Public Service) ক্ষমতায়ন করবে। এই বিল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের বাধ্য করবে তাদের নেটওয়ার্ক ব্যবস্থাপনার অনুশীলন জনসাধারণের কাছে প্রকাশ করার জন্য। নিউ ইয়র্কের নেট নিউট্রালিটি নিয়মাবলী মেনে চলছেন বলে সার্ভিস প্রোভাইডারদের বার্ষিক ভাবে প্রত্যয়ন করতেও হবে। যারা এসব বিধান লঙ্ঘন করে তাদের বিরুদ্ধে তদন্ত ও জরিমানা ধার্য করার ক্ষমতায়িত করা হবে জনসেবা অধিদপ্তরকে।

এই পরিষেবাগুলির ব্যবহারকারীদের বিচার ব্যবস্থার মাধ্যমে কোম্পানিগুলিকে দায়বদ্ধ করার অনুমোদন প্রদান করা হবে, কারণ এই আইন নেট নিরপেক্ষতার প্রবিধানগুলি লঙ্ঘনের জন্য কোন কোম্পানির বিরুদ্ধে একটি ব্যক্তিগত পদক্ষেপের অধিকার অনুমোদন করবে।

2011 সালে পদ আধিকার করার পর গভর্নর কুওমো ক্রমাগত জনসাধারণের স্বাধীন ও উন্মুক্ত ইন্টারনেটের অধিকারের ওপর গুরুত্বারোপ করেছেন। 2015 সালে, গভর্নর কুওমো নতুন NY ব্রডব্যান্ড প্রোগ্রাম প্রতিষ্ঠা করেন, যা একটি জাতির নেতৃস্থানীয় 500 মিলিয়ন মার্কিন ডলার প্রোগ্রাম, উদ্ভাবন এবং ধারণা বিনিময়ের ক্ষেত্রে ইন্টারনেটের গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি প্রদান করে। এই প্রোগ্রামের মাধ্যমে ঐতিহাসিক 1 বিলিয়ন মার্কিন ডলারের সরকারি/বেসরকারি বিনিয়োগের ফলে নিউ ইয়র্ক গ্রামীণ ব্রডব্যান্ড স্থাপনার ক্ষেত্রে দেশের নেতৃত্বের স্থানে রয়েছে রাজ্যের বিভিন্ন প্রান্তে, অপরিবেশিত এবং অপরিবেশিত এলাকায় 2.4 মিলিয়ন অবস্থানে পরিষেবা প্রদান করে এবং নিশ্চিত করে যে 99 শতাংশেরও বেশি নিউ ইয়র্কবাসীদের অ্যাক্সেস থাকবে তার মুক্ত ব্রডব্যান্ড পরিষেবার।

নেট নিরপেক্ষতা বাতিল করার জন্য ট্রাম্প প্রশাসনের পদক্ষেপের তাৎক্ষণিক প্রতিক্রিয়া হিসেবে গভর্নর একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন যা 2018 জানুয়ারি থেকে রাষ্ট্রীয় সংস্থাগুলোকে শুধু সেই সব ইন্টারনেট সেবা প্রদানকারীদের সাথে চুক্তি করার নির্দেশ দিয়েছে যারা নেট নিরপেক্ষতার অনুশীলনগুলি কঠোরভাবে মেনে চলে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)